# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা   বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

[বি:দ্রঃ গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### সৃজনশীল অংশ—৪০

### ক অংশ — গদ্য

১. বন্ধু-বান্ধবকে সোহেল প্রায়ই বলে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাবে। এরপর বিজ্ঞান বিষয়ে পড়াশোনা করে একদিন সে ঢাকা মেডিকেলে ভর্তি হবে। মেডিকেল থেকে পাশ করে বড় ডাক্তার হিসেবে সারাদেশে নিজেকে এক নামে পরিচিত করে তুলবে। কিন্তু জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়ার জন্য যেরূপ পড়াশোনা করা দরকার সোহেল তা করে না। অথচ জিপিএ-৫ এর স্বপ্নে সে বিভোর।

ক. গরমাগরম কার্যসিদ্ধি না করালে ভাবাবেশ কীসের মতো উড়িয়া যায়? ১

খ. 'ভাব ও কাজ' প্রবন্ধে এদেশকে প্রাবন্ধিক ভাবপাগল দেশ বলেছেন কেন? ২

গ. উদ্দীপকটি 'ভাব ও কাজ' প্রবন্ধের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে প্রকাশিত দিকটিই 'ভাব ও কাজ' প্রবন্ধের একমাত্র দিক নয়।" 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

২. ▶ শাইলক একজন সুদের ব্যবসায়ী। তার কাছে নীতি-নৈতিকতা, মানবিকতা বলে কিছু নেই। সে চায় শুধু টাকা। বিপদগ্রস্ত মানুষকে চড়া সুদে ঋণ দেয়। কেউ সুদ পরিশোধ করতে না পারলে তার ক্ষেতের ফসল, গোয়ালের গরু, বসত-বাড়ির জায়গা সব হারাতে হয়। একবার এক সৎ ব্যবসায়ী অ্যান্টনিওকে হত্যার চক্রান্তে সে দোষী সাব্যস্ত হয়। আদালত তার সব সম্পদ বাজেয়াপ্ত করে।

ক. 'সুখী মানুষ' নাটিকার প্রথম সংলাপটি কার? ১

খ. 'আমি সব দিয়ে দেব। আমাকে শান্তি এনে দাও।' মোড়লের এমন মন্তব্যের কারণ কী? ২

গ. উদ্দীপকের শাইলকের মধ্যে আমরা 'সুখী মানুষ' নাটিকার কোন চরিত্রের প্রতিচ্ছবি লক্ষ করি? তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপক এবং 'সুখী মানুষ' নাটিকার মূলভাবকে একসূত্রে গাঁথা যায় কি? তোমার মতামত যুক্তিসহকারে উপস্থাপন করো। ৪

৩. ★ একদিন কক্সবাজার সৈকতে আছড়ে পড়ে প্রায় ত্রিশটির মতো বিরল প্রজাতির ডলফিন। আব্দুর রহমান ও তার বন্ধুরা মিলে ডলফিনগুলোকে পুনরায় সমুদ্রে নামানোর চেষ্টা করে। একে একে সবগুলো ডলফিনকে তারা জীবিত অবস্থায় পানিতে নামাতে পারে। এ কাজটি করতে পেরে ওরা প্রত্যেকেই খুব আনন্দিত এবং এলাকাবাসীর কাছেও প্রশংসিত হয়। থানা নির্বাহী কর্মকর্তা তাদের এমন ভালো কাজের জন্য পুরস্কৃত করে।

ক. লেখকের বিকেলটা কোথায় কাটত? ১

খ. বিদায় নেবার দিন এসে পড়লেও নানা ছলে লেখক দিন দুই অপেক্ষা করলেন কেন? ২

গ. উদ্দীপকের আব্দুর রহমান এবং তার বন্ধুদের কার্যক্রমে 'অতিথির স্মৃতি' গল্পের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটিতে চেতনাগত ঐক্য লক্ষ করা গেলেও পরিণতির ভিন্নতা লক্ষণীয়। মন্তব্যটি 'অতিথির স্মৃতি' গল্পের আলোকে মূল্যায়ন করো। ৪

## খ অংশ — কবিতা

৪. ▶ আবির ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমএ পাস করে কিছুদিন চাকরির চেষ্টা করে কাঙ্ক্ষিত চাকরি না পেয়ে এক পর্যায়ে গ্রামে গিয়ে টার্কি মুরগীর খামার গড়ে তোলে। এ কাজ করতে গিয়ে পরিবার থেকে শুরু করে গ্রামবাসী অনেকেই নানা রকম সমালোচনা করতে থাকে। আবির আপন মনে তার কাজ চালিয়ে যায়। আবির এবার দেশের সেরা খামারি পুরস্কৃত হয়েছে। এখন আবিরকে নিয়ে সবাই গর্ব করে।

ক. কবি কামিনী রায়ের ছোটদের জন্য রচিত কবিতা সংগ্রহের নাম কী? ১

খ. 'শক্তি মরে ভীতির কবলে'— বলতে কবি 'পাছে লোকে কিছু বলে' কবিতায় কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের আবির আর 'পাছে লোকে কিছু বলে' কবিতার কর্মকাণ্ডের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকের আবিরের সাফল্য আর 'পাছে লোকে কিছু বলে' কবিতার মূলভাব একসূত্রে গাঁথা— মন্তব্যটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

৫. ★ ঢাকার আসাদ চৌধুরী গাজীপুরের ওহাব আলীর কাছ থেকে বাগান বাড়ির জন্য দুই বিঘা জমি কিনে। কিন্তু জমি রেজিস্ট্রির সময় কৌশলে আরও দশ বিঘা জমির দলিল করে নেয়। লোকজন দিয়ে ভয় দেখিয়ে ওহাব আলীর কাছ থেকে জমি নিয়ে ১২ বিঘা জমির ওপর গড়ে তুলেছে 'বিলাস পল্লী' নামক বাগান বাড়ি। ওহাব আলী জমি হারিয়ে আজ সর্বস্বান্ত প্রায়।

ক. মালি উপেনকে কোন সুরে গালি দিয়েছিল? ১

খ. 'এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি'— চরণটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ওহাব আলীর মধ্যে দিয়ে ফুটে উঠা 'দুই বিঘা জমি' কবিতার চরিত্রটির সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'দুই বিঘা জমি' কবিতার বিষয়বস্তু উপস্থাপনে যথেষ্ট কিনা? তোমার মতামত যুক্তিসহকারে উপস্থাপন করো। ৪

৬. ★ ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধে মা হাজেরা বেগম তার একমাত্র পুত্র সালামকে মুক্তিযুদ্ধে পাঠিয়েছে। জরিনা বেগম পাগলের বেশ ধারণ করে মুক্তিযোদ্ধাদের সংবাদ পৌঁছে দিয়েছে। স্বাধীনতার চল্লিশ বছর পরেও নারী পুরুষের মূল্যায়নে এখনো সমতা আসেনি।

ক. 'নারী' কবিতাটি কবি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে? ১

খ. বীরের স্মৃতি-স্তম্ভের গায়ে নারীর কৃতিত্ব স্থান না পাওয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মা হাজেরা বেগম ও জরিনার মুক্তিযুদ্ধে অবদানের মধ্যদিয়ে 'নারী' কবিতার ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক কী নারী কবিতার সমগ্র বিষয়বস্তুর প্রতিচ্ছবি? তোমার মতামত যুক্তিসহকারে উপস্থাপন করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

ক. সারমর্ম লেখ:

★ নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি।
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগনললাট চুমে তব পদধূলি
ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজল— নিশীথশীতল স্নেহ।
বুকভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে—
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

https://teachingbd24.com

খ. সারাংশ লেখ:

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না। তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

৮. ক. ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও) ৫×১=৫

ক. ★ বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

খ. ★ করিতে পারি না কাজ -
সদা ভয়, সদা লাজ
সংশয়ে সংকল্প সদা টলে
পাছে লোকে কিছু বলে।

৯. যেকোনো ১টি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

ক. ★ মনে কর, তোমার নাম সাদ/সামিহা। তোমার ছোট ভাই মুগ্ধ, ষষ্ঠ শ্রেণিতে পড়ে। তাকে 'পরীক্ষায় অসদুপায় অবলম্বন ব্যক্তি তথা জাতির জন্য হুমকি স্বরূপ' এই মর্মে একটি চিঠি লেখ।

খ. ★ মনে কর, তোমার নাম রাফি/রিফাহ। তুমি বাতিঘর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। তোমার বাবা একটি ব্যাংকে চাকরি করেন। সম্প্রতি তোমার বাবার বদলি হয়েছে। তাই তোমাকেও তার সাথে যেতে হবে। এজন্য তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে আবেদনপত্র লিখ।

১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ১৫

ক. ★ স্বদেশপ্রেম [সংকেত: সূচনা, স্বদেশপ্রেমের সংজ্ঞার্থ, স্বদেশপ্রেমের স্বরূপ, স্বদেশপ্রেমের অনুভূতি, ছাত্রজীবনে স্বদেশপ্রেম, বাঙালির স্বদেশপ্রেম, স্বদেশপ্রেম ও বিশ্বপ্রেম, উপসংহার]

খ. বাংলাদেশের কৃষক [সংকেত: সূচনা, কৃষকের অতীত ইতিহাস, বর্তমান অবস্থা, কৃষকের উন্নয়ন, উপসংহার]

গ. ★ দৈনন্দিন জীবনে বিজ্ঞান [সংকেত: সূচনা, দৈনন্দিন জীবনে বিজ্ঞান, শহুরে জীবনে বিজ্ঞান, গ্রামীণ জীবনে বিজ্ঞান, দৈনন্দিন জীবনে বিজ্ঞানের প্রভাবের অপকারিতা, উপসংহার]

Teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　　মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:**

একদিন হঠাৎ করেই পাতকুয়োর মধ্যে একটি কুকুর ছানা পড়ে যায়। অনেকেই বিষয়টি গুরুত্ব না দিলেও জসীম অনেক কষ্ট করে কুকুর ছানাটিকে উদ্ধার করে।

১. উদ্দীপকে জসীমের মনোভাবের সাথে কোন রচনার চেতনাগত সাদৃশ্য রয়েছে?
ক পড়ে পাওয়া
খ অতিথির স্মৃতি
গ আমাদের লোকশিল্প
ঘ তৈলচিত্রের ভূত

২. উক্ত সাদৃশ্য হলো—
ক প্রাণির প্রতি ভালোবাসায়
খ ভালো কাজ করার চেতনায়
গ লোকশিল্পকে বাঁচিয়ে রাখায়
ঘ কুসংস্কার মুক্তির চেতনায়

৩. ★ অরণ্য অসৎ বন্ধুর পাল্লায় পড়ে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে যায়। 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে বলা যায় এর মধ্য দিয়ে অরণ্য তার 'স্পিরিট' কে—
i. অপবিত্র করেছে
ii. অপমান করেছে
iii. নষ্ট করেছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪. ★ 'ঙ এবং ং' —এর উচ্চারণ কেমন হয়?
ক অঙ　খ অং
গ অঙ্গা　ঘ ঙঅ

৫. তালব্য বর্ণ কোনটি?
ক ঙ　খ শ
গ ঞ　ঘ ভ

৬. ★ 'সুখী মানুষ' নাটিকার শেষ সংলাপটি কার?
ক হাসুর　খ রহমতের
গ লোকটির　ঘ কবিরাজের

৭. 'দিন আনি দিন খাই, কারো দুয়ারে যাই নাই।' এ চরণের বক্তব্য 'সুখী মানুষ' নাটিকার কার বক্তব্যের সাথে মিলে যায়?
ক রহমত　খ মোড়ল
গ হাসু　ঘ লোক

৮. 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' রচনাটি পাঠের উদ্দেশ্য—
i. বাংলাদেশ প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর সাধনার কথা অবগত করা
ii. নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দেওয়া
iii. বঙ্গবন্ধুর চেতনায় একাত্ম হয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. ★ 'ব্রাহ্মণ, চণ্ডাল, চামার মুচি
এক জলে হয় সবার শুচি'— কবিতাংশের সাথে সমার্থক পঙ্ক্তি নিচের কোনটি?
ক গর্তে গেলে কুপ জল কয়
খ গঙ্গায় গেলে গঙ্গা জল হয়
গ মূলে এক জল, সে যে ভিন্ন নয়
ঘ জলের আরেক নাম জীবন

১০. 'জয়ী বলিব না এ দেহে রহিতে প্রাণ।'— কে এই প্রতিজ্ঞা করেছিল?
ক চৌহান　খ সংগ্রাম সিং
গ দৌলত খাঁ　ঘ ইব্রাহিম লোদি

১১. মানস— শব্দের অর্থ কী?
ক সরোবর　খ মন
গ মস্তিষ্ক　ঘ মধু

১২. ★ জন্মভূমির নিকট যাচিবার মতো কবির কী নেই?
ক ভুল　খ গুণ
গ দোষ　ঘ ত্রুটি

১৩. ★ 'নারী' কবিতাটি পাঠ করে শিক্ষার্থীরা—
i. নারীর প্রতি শ্রদ্ধাশীল হবে
ii. পুরুষের পাশাপাশি নারীর অবদান স্বীকার করবে
iii. নারীর অধিকারের প্রতি সহানুভূতিশীল হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

বন্ধুরা যখন নানা বিষয় নিয়ে শিক্ষকের সাথে আলোচনা করে সমস্যাগুলোর সমাধান করে নেয় তখন রিহাব জড়সড় হয়ে সবার পেছনে দাঁড়িয়ে থাকে।

**১৪. ★ রিহাবের এমন মনোভাব তোমার পঠিত কোন কবিতার বর্ণিত বিষয়ের সাদৃশ্য বিদ্যমান?**
ⓚ বঙ্গভূমির প্রতি
ⓚ একুশের গান
ⓖ দুই বিঘা জমি
ⓖ পাছে লোকে কিছু বলে

**১৫. ★ রিহাব এমন অবস্থা থেকে মুক্তি পেতে পারে, যদি সে—**
i. আত্মপ্রকাশে সাহসী পদক্ষেপ নেয়
ii. মন থেকে সব দ্বিধা ও সংকোচ দূর করে
iii. বন্ধুদের সাথে মেশার পরিমাণ বাড়িয়ে দেয়

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৬. 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?**
ⓚ মহাশ্মশান ⓚ মহররম
ⓖ অশ্রুমালা ⓖ অমিয়ধারা

**১৭. কোনটি চলতি ভাষারীতির বৈশিষ্ট্য?**
ⓚ পদবিন্যাস সুনির্দিষ্ট
ⓚ পরিবর্তনশীল
ⓖ কৃত্রিমতাপূর্ণ
ⓖ ব্যাকরণের নিয়ম সব সময় মেনে চলে

**১৮. ★ ভাষার প্রাণ কোনটি?**
ⓚ অর্থপূর্ণ বর্ণ সমষ্টি ⓚ অর্থপূর্ণ বাক্য
ⓖ অর্থপূর্ণ ধ্বনি ⓖ অর্থপূর্ণ শব্দ

**১৯. পদের মধ্যে বা শেষে ম-ফলা যুক্ত হলে উচ্চারণে সে বর্ণের দ্বিত্ব হয়— এ নিয়মের প্রয়োগ ঘটেছে নিচের কোন শব্দে?**
ⓚ মৃন্ময় ⓚ আত্মীয়
ⓖ জন্ম ⓖ বাগ্মী

**২০. ও, ঔ বর্ণ দুটির উচ্চারণের স্থান কোনটি?**
ⓚ কণ্ঠ ও ওষ্ঠ ⓚ কণ্ঠ ও তালু
ⓖ দন্ত ও ওষ্ঠ ⓖ তালু ও ওষ্ঠ

**২১. ★ 'স্বাগত' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ⓚ স্ব + আগত ⓚ সুব + আগত
ⓖ সু + আগত ⓖ স্ব + গত

**২২. ★ কতগুলো শব্দ শুধু পুরুষবাচক হয়। এরূপ উদাহরণ নিচের কোনটি?**
ⓚ অজ ⓚ নর
ⓖ এয়ো ⓖ অকৃতদার

**২৩. কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দকে কী বলে?**
ⓚ অনুকার শব্দ ⓚ ধ্বন্যাত্মক শব্দ
ⓖ শব্দদ্বৈত ⓖ অনুসর্গ শব্দ

**২৪. নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?**
ⓚ আমি তাকে ভাত খেতে দেখেছিলাম
ⓚ আমি ছেলে বেলার কথা ভাবছিলাম
ⓖ তুমি কী তার পরীক্ষা নিয়েছিলে
ⓖ বাবা প্রতিদিন বাজার করতেন

**২৫. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?**
ⓚ ১১টি ⓚ ৬টি
ⓖ ৭টি ⓖ ২টি

**২৬. কোন ধাতুকে বিশ্লেষণ করা যায় না?**
ⓚ সাধিত ধাতু ⓚ যৌগিক ধাতু
ⓖ কর্মবাচ্যের ধাতু ⓖ মৌলিক ধাতু

**২৭. ★ দৃশ্, কৃ— এ দুটি কোন ধাতুর উদাহরণ?**
ⓚ সংস্কৃত ⓚ বাংলা
ⓖ বিদেশাগত ⓖ নাম ধাতু

**২৮. পৃথিবীতে কত ভাষা প্রচলিত আছে?**
ⓚ সাড়ে তিন হাজার
ⓚ সাড়ে তিন হাজারের মতো
ⓖ সাড়ে তিন হাজারের কাছাকাছি
ⓖ সাড়ে তিন হাজারের ওপর

**২৯. ★ বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের সময়কাল কতক্ষণ?**
ⓚ ১৪ মিনিট ⓚ ১৬ মিনিট
ⓖ ১৮ মিনিট ⓖ ২০মিনিট

**৩০. মসলিনের ঐতিহ্য লালন করছে কোনটি?**
ⓚ নকশিকাঁথা ⓚ জামদানি শাড়ী
ⓖ টেপাপুতুল ⓖ শীতলপাটি

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com